



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
**ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প**  
বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স, ৫ম তলা, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং: ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২২.৬৩৩


তারিখঃ ৩০ শ্রাবণ ১৪৩১  
১৪ আগস্ট ২০২৪

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের End User Connectivity এর ৩৬টি প্যাকেজের আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা ICT কর্মকর্তাদের দায়িত্ব প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের আওতায় End User Connectivity বাস্তবায়নের নিমিত্ত দেশের ১,০৯,২৪৪টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড সংযোগ প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ৩৬টি ISP প্রতিষ্ঠানকে নির্বাচন করা হয়। প্রান্তিক পর্যায়ের ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ (কমিউনিটি ক্লিনিক) এবং সমাজসেবা অধিদপ্তর, ভূমি সংস্কার বোর্ড, বস্ত্র অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয় (৬৪টি) এবং বাংলাদেশ ডায়াবেটিক সমিতিসহ উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে ইন্টারনেট ব্রডব্যান্ড সংযোগ প্রদানের জন্য নির্ধারণ করা হয়।

০২। বর্ণিত কার্যক্রমকে সফল ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নে বর্ণিত বিষয়সমূহ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১। অনুমোদিত Wi-Fi রাউটার এর ব্র্যান্ড ও মডেল: (TP-Link: AX15, H3C: NX30, D-Link: R-15) যে কোন ১টি ব্র্যান্ডের Wi-Fi রাউটার এর সিরিয়াল নম্বরসহ নিশ্চিতকরণ;
- ২। অনুমোদিত 4 core ফাইবার ক্যাবল এর ব্র্যান্ড ও পরিমাণ: (Leo, OFS, Claron, Corning, Keman Indo, Usha Martin, BRB, BCSL, Poly Cable এবং Litex) নিশ্চিতকরণ;
- ৩। Wi-Fi রাউটার এর সংযোগ স্ট্যাটাস ও ইন্টারনেট সংযোগের ব্যান্ডউইথ পরিমাণ ২০ MBPS নিশ্চিতকরণ;
- ৪। UPAC Form-এ প্রতিষ্ঠান প্রধানের/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাইন, সিল ও মোবাইল নম্বর থাকা নিশ্চিতকরণ;
- ৫। সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠানে জেলা ICT কর্মকর্তা/ উপজেলা ICT কর্মকর্তা স্ব-শরীরে পরিদর্শন করার মাধ্যমে / Network Monitoring Software (NMS) মাধ্যমে নিশ্চিতকরণ;
- ৬। ত্রি-পক্ষীয় চুক্তির (Service Level Agreement) বিষয়ে আইএসপিগণদের সহায়তা প্রদান করণ

  
০৪.০৮.২০২৪  
(তানজিনা ইসলাম)

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)  
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প  
ই-মেইল: tanginal5167@gmail.com

- ১। জেলা ICT কর্মকর্তা, জেলা কার্যালয় .....
  - ২। উপজেলা ICT কর্মকর্তা, উপজেলা কার্যালয় .....
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

#### বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) প্রোগ্রামার, (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও মানব সম্পদ, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প (বিতরণের অনুরোধসহ)
- ৩) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) অফিস কপি